



প্রকা/আইসিটি (সিস্টেমস)/সাইবার/২(৬৩)/২০১৮-২০১৯/৯২৬৯

তারিখ : ০৭/০২/২০১৯

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল শাখা।

বিষয় : E-Mail সিস্টেমস ব্যবহারের ক্ষেত্রে Phishing Attack সংক্রান্ত ঝুঁকি হ্রাসে করণীয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, তথ্য-প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবার ব্যাপক প্রসার ঘটায় অত্র ব্যাংকের সকল শাখা, নিয়ন্ত্রনকারী কার্যালয় এবং প্রধান কর্যালয়ের সকল বিভাগ ব্যাংকের নিজস্ব E-mail system ব্যবহার করে পরস্পরের সাথে যোগাযোগ করে আসছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কৃষি ব্যাংকের ই-মেইলের Display Name বা প্রথম অংশ (User Name) ব্যবহার করে অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় কিছু অসুদপায়ী ব্যক্তি/সোষ্ঠী কৃষি ব্যাংকের নামে ভুয়া ই-মেইল প্রেরণ করে জাল-জালিয়াতি করার চেষ্টা করছে এবং শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভ্রান্ত করছে। তাছাড়া সম্প্রতি ইন্টারনেট এ কৃষি ব্যাংকের Website এর ন্যায় কিছু "নকল সাইট" তৈরী করা হয়েছে যা ICT এর ভাষায় Phishing ওয়েবসাইট বলে। এ ধরনের নকল/ Phishing ওয়েবসাইটে ভুলে নিজের User ID ও Password দিয়ে লগইন করলে মূল E-mail এর User ID ও Password এর তথ্য চুরি হয়ে যায়। পরবর্তীতে চুরিকৃত User ID ও Password এর মাধ্যমে জাল-জালিয়াতকারীরা সংশ্লিষ্ট ইউজার এর সকল ধরনের তথ্য চুরি ও ব্যবহার করতে পারে। নিম্নে Domain সংক্রান্ত তথ্য উল্লেখ করা হলো :

Display Name	User Name (ই-মেইলের প্রথম অংশ)	Domain Name
DGM ICT	dgmietsystem	@ krishibank.org.bd
E-mail : DGM ICT (dgmietsystem@krishibank.org.bd)		

Fake E-mail :

পরিচিত Display Name	User Name (ই-মেইলের প্রথম অংশ)	জাল Domain Name
DGM ICT	bbs	@ ny-post.dk
E-mail : DGM ICT (bbs@ny-post.dk)		

উক্ত সমস্যা থেকে পরিত্রাণের জন্য নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো :

- বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে কোন ই-মেইল আসলে কেবলমাত্র Display Name এর উপর ভিত্তি না করে কৃষি ব্যাংকের নিজস্ব Domain Name (krishibank.org.bd) ও Domain Name এর Spelling এর বিষয়ে নিশ্চিত হতে হবে। ই-মেইলের বিষয়ে কোনরূপ সন্দেহ ও অস্পষ্টতা পরিলক্ষিত হলে ই-মেইল প্রেরণকারী শাখা/কার্যালয়ের সাথে যোগাযোগ করে নিশ্চিত হতে হবে।
- কৃষি ব্যাংকের নিজস্ব Domain (krishibank.org.bd) ব্যতিত অন্য কোন Domain থেকে অত্র ব্যাংকের কোন পরিচিত Display Name / ই-মেইলের প্রথম অংশ সম্বলিত কোন মেইল আসলে উক্ত ই-মেইলের নির্দেশনা অনুযায়ী কোন ব্যবস্থা গ্রহনসহ কোনরূপ আর্থিক লেনদেন করা যাবে না।
- www.krishibank.org.bd জোন বর্হিভূত কোন ই-মেইলে Password পরিবর্তন সম্পর্কিত লিংক সমূহ Open বা Click করা বা Attachment Download করা যাবে না।

০২। তাছাড়া ই-মেইল ব্যবহারের ক্ষেত্রে আইসিটি পরিপত্র নং-০২/২০১৭ এর নির্দেশনাবলী পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(কে.এম. নূরুদ্দীন সারোয়ার)
সিনিয়র সিস্টেম এনালিস্ট-সমব্যা
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও আইসিটি) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়।
- ০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৭। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ০৯। নথি/ মহানথি।